



ড.মোঃ হারুন-অর-রশিদ বিশ্বাস
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা- ১২০৭
ফোন: ৮৮-০২-৪৮১১৯৩০৫
ফ্যাক্স: ৮৮-০২-৯১৩৬৫৯৫
coop_bangladesh@yahoo.com



‘বঙ্গবন্ধুর দর্শন,
সমবায় উন্নয়ন’

আধা সরকারি পত্র নম্বর: ৪৭.০৬১.০০০০.০৪৬.২৩.০০৬.২১.১৭৮(১০০+)

তারিখ: ১২.১০.২০২১খ্রিঃ।

জি.সি.সি.সি.

আমার আন্তরিক শুভেচ্ছা নিবেন। উপজেলা পর্যায়ে সুশাসন নিশ্চিতকরণ ও উন্নয়ন কর্মকান্ড তদারকির দায়িত্ব নিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসেবে দক্ষতা ও সফলতার সাথে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন জেনে আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আপনি জানেন যে, সমবায় কার্যক্রমে দেশের জনগণকে সম্পৃক্তকরণ এবং এর গুরুত্ব সকল শ্রেণির মানুষের নিকট তুলে ধরার উদ্দেশ্যে প্রতিবছর জাতীয় সমবায় দিবস উদযাপিত হয়ে আসছে। এ বছর ৬ নভেম্বর ২০২১ তারিখে **৫০তম জাতীয় সমবায় দিবস** উদযাপিত হবে। কেন্দ্রীয় অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এক ভাষণে বলেছিলেন, “আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে উন্নত জীবনের অধিকারী হবে- এই হচ্ছে আমার স্বপ্ন। এই পরিপ্রেক্ষিতে গণমুখী সমবায় আন্দোলনকে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।” মুজিববর্ষে সরকার বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে ‘বঙ্গবন্ধু মডেল ভিলেজ প্রতিষ্ঠা পাইলট প্রকল্প’ গ্রহণসহ সমবায় ভিত্তিক বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় এবারের জাতীয় সমবায় দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে ‘বঙ্গবন্ধুর দর্শন, সমবায় উন্নয়ন’। আপনি জেনে খুশি হবেন যে, কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনা করে দেশব্যাপী যথাযোগ্য মর্যাদায় এবারের জাতীয় সমবায় দিবস উদযাপনের লক্ষ্যে আলোচনা সভাসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

রাজধানীতে কেন্দ্রীয়ভাবে দিবসটি উদযাপিত হবে। উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। একইসাথে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়েও দিবসটি উদযাপিত হবে। বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের অনুষ্ঠানে মাননীয় মন্ত্রী, সংসদীয় স্থায়ী কমিটির চেয়ারম্যান, সিটি কর্পোরেশনের মেয়র, প্রতিমন্ত্রী, হইপ, উপমন্ত্রী, স্থানীয় সংসদ সদস্য, বিভাগীয় কমিশনার, জেলা পরিষদের চেয়ারম্যান, জেলা প্রশাসক, উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তাকে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো যেতে পারে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা, সফল সমবায়ী, বিশিষ্ট শিক্ষাবিদ, সামাজিক আন্দোলন ও দেশের অর্থনৈতিক উন্নয়ন কর্মকান্ডের সাথে নিয়োজিত বিশিষ্ট ব্যক্তিবর্গকে অনুষ্ঠানে সম্পৃক্ত করার মাধ্যমে অনুষ্ঠানের তাৎপর্য ও গুরুত্ব বৃদ্ধি করা যেতে পারে।

আপনার আন্তরিক ও সক্রিয় সহযোগিতা এবং যোগ্য নেতৃত্বে আপনার উপজেলায় **৫০তম জাতীয় সমবায় দিবস** যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হবে এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আজীবনের লালিত স্বপ্ন সুখী ও সমৃদ্ধ সোনার বাংলাদেশ গঠনে সমবায় বিভাগের কর্মকর্তা-কর্মচারী এবং সমবায়ীগণ আরও বেশি অনুপ্রাণিত হবেন বলে আমি গভীরভাবে বিশ্বাস করি।

ড.মোঃ হারুন-অর-রশিদ বিশ্বাস

একান্তভাবে আপনার,
ড.মোঃ হারুন-অর-রশিদ বিশ্বাস

জনাব

উপজেলা নির্বাহী কর্মকর্তা,